

💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩২৯১

88/ তাফসীরুল কুরআন (ﷺ) পরিচ্ছেদঃ ৫৬. সুরা আর-রহমান

আরবী

حَدَّتَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ وَاقِدِ أَبُو مُسْلِمٍ السَّعْدِيُّ، حَدَّتَنَا الْوَلِيدُ بْنُ مُسْلِمٍ، عَنْ زُهَيْرِ بْنِ مُحَمَّدٍ، عَنْ مُحَمَّدٍ بِنِ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرٍ، رضى الله عنه قَالَ خَرَجَ رَسُولُ اللَّهِ صلى مُحَمَّدٍ، عَنْ مُحَمَّدِ بِنِ الْمُنْكَدِرِ، عَنْ جَابِرٍ، رضى الله عنه قَالَ خَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم عَلَى أَصْحَابِهِ فَقَرَأَ عَلَيْهِمْ سُورَةَ الرَّحْمَنِ مِنْ أَوَّلِهَا إِلَى آخِرِهَا فَسَكَتُوا فَقَالَ " لَقَدْ قَرَأْتُهَا عَلَى الْجِنِّ لَيْلَةَ الْجِنِّ فَكَانُوا أَحْسَنَ مَرْدُودًا مِنْكُمْ كُنْتُ كُلَّمَا أَتَيْتُ عَلَى قَوْلِهِ : (فَبأَى آلاَءِ رَبِّكُمَا تُكَذَّبُانِ) قَالُوا لاَ بِشَيْءٍ مِنْ نِعَمِكَ رَبَّنَا نُكَذّبُ فَلَكَ الْحَمْدُ عَلَى قَوْلِهِ : (قَبأَى آلاَءِ رَبِّكُمَا تُكَذَّبُانِ) قَالُوا لاَ بِشَيْءٍ مِنْ نِعَمِكَ رَبَّنَا نُكَذّبُ فَلَكَ الْحَمْدُ " . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ لاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيثِ الْوَلِيدِ بْنِ مُسْلِمٍ عَنْ زُهَيْرِ بْنِ مُحَمَّد الَّذِي وَقَعَ بِالسَّامِ لَيْسَ هُوَ الَّذِي بُن مُحَمَّد . قَالَ أَحْمَدُ بْنُ حَدِيثُ الْمَلَامِ عَنْ رُهَيْرِ بْنِ مُحَمَّد اللَّذِي وَقَعَ بِالسَّامِ لَيْسَ هُو الَّذِي يَ مُنَ الْمَنَاكِيرِ . وَسَمِعْتُ مُحَمَّد بْنَ إِسْمَاعِيلَ الْبُخَارِيَّ يَقُولُ أَهْلُ الشَّامِ يَرُونَ عَنْ وُهُونَ عَنْ وُهَيْرِ بْنِ مُحَمَّد وَسَمِعْتُ مُحَمَّد بْنَ إِسْمَاعِيلَ الْبُخَارِيَّ يَقُولُ أَهْلُ الشَّامِ يَرْوُونَ عَنْ وُهُونَ عَنْ وُهُيْرِ بْنِ مُحَمَّد مَنَ الْمُنَاكِيرَ وَأَهْلُ الْعَرَاقِ يَرْوُونَ عَنْ وُلُولًا الْعَرَاقِ يَرْوُونَ عَنْ وُلُولًا أَلْمُنَاكِيرَ وَأَهُلُ السَّامِ يَرْوُونَ عَنْ وُهُونَ عَنْ وُهُونَ عَنْ وَلَيْ مُنَ الْمَنَاكِيرِ وَلَولَ الْمُنَاكِيرَ وَالْمَلُ السَّامِ يَرْوُونَ عَنْ وُهُونَ عَنْ وُلُولَ الْمَنَاكِيرِ مَنَ الْمَنَاكِيرَ وَلَوْ الْمُؤْلُولُ الْمَالُولِي الْمَالِمُ عَنْ وَلُولُ الْمُنَاكِيرِ اللْمَالِولَ الْمُعَلِيلُ الْمُعَلِيلُ الْمُعَلِيلُ عَلَيْكُ الْمُعَلِقُولُ الْمُ السَّعَمِيلُ الْمُؤَلِي الْمُ مُسُلِمُ عَنْ وَلُولُ الْمُعَلِيلُ الْمُولُ الْمُعَلِيلُ الْمُولُولُ الْمُؤْلِ الْمُولُ الْمُعُولُ الْمُعُمُولُ الْمُ الْمُعْلِيلُ

বাংলা

৩২৯১। জাবির (রাযিঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তার সাহাবীদের উদ্দেশে বের হলেন। তিনি তাদের সম্মুখে শুরু হতে শেষ পর্যন্ত সূরা আর-রহমান পাঠ করলেন কিন্তু তারা নিশ্চুপ রইলেন। তিনি বলেনঃ এ সূরাটি আমি জিনদের সঙ্গে সাক্ষাতের রাতে তাদের সম্মুখে পাঠ করেছি। তোমাদের তুলনায় তারা ভাল উত্তর দিয়েছে। যখনই আমি তিলাওয়াত করছি, "তোমরা জিন ও মানুষ নিজেদের প্রভুর কোন নিয়ামাতকে মিথ্যা প্রতিপন্ন করবে" তখনই তারা বলেছে, "হে আমাদের রব! আমরা আপনার কোন নি'আমাতই অস্বীকার করছি না, আপনার জন্যই সমস্ত প্রশংসা"।

হাসানঃ সহীহাহ (হাঃ ২১৫০)।

আবূ ঈসা বলেন, এ হাদীসটি গারীব। এ হাদীস আমরা শুধুমাত্র ওয়ালীদ ইবনু মুসলিম হতে, যুহাইর ইবনু মুহাম্মাদ-এর সূত্রে জেনেছি। আহমাদ ইবনু হাম্বল (রহঃ) বলেন, যে যুহাইর ইবনু মুহাম্মাদ সিরিয়া চলে গেছেন



তিনি সে লোক নন যার মাধ্যমে ইরাকবাসী হাদীস রিওয়ায়াত করেন। মনে হয় তিনি স্বতন্ত্র লোক, লোকজন তার নামে বিভ্রাট করেছে, তার হতে লোকেরা মুনকার হাদীস রিওয়ায়াত করেছেন। আমি মুহাম্মাদ ইবনু ইসমাঈলকে বলতে শুনেছি, সিরিয়াবাসী যুহাইর ইবনু মুহাম্মাদ হতে মুনকার হাদীস রিওয়ায়াত করেন এবং ইরাকবাসী তার মাধ্যমে সহীহ হাদীসের পর্যায়ের হাদীস রিওয়ায়াত করেন।

English

Muhammad bin Al Munkadir narrated that:

Jabir [may Allah be pleased with him] said: "The Messenger of Allah came out to his Companions, and recited Surat Ar-Rahman from its beginning to its end for them, and they were silent. So he said: 'I recited it to the Jinns on the 'Night of the Jinns,' and they had a better response to it than you did. Each time I came to Allah's saying: 'Which of your Lords favor do you deny.' They said: "We do not deny any of Your favors our Lord! And Yours is praise."

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন